বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)

২২ সেপ্টেম্বর ২০২৪

**প্রেস বিজ্ঞপ্তি**

## সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয়ে মানসিক ভারসাম্যহীন যুবক সহ পিটিয়ে হত্যা করার ঘটনায় ব্লাস্ট এর গভীর উদ্বেগ প্রকাশ

## ঘটনার সুষ্ঠু তদন্ত ও যথাযথ বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মানসিক ভারসাম্যহীন এক যুবককে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে একজন সাবেক ছাত্র নেতাকে পিটিয়ে হত্যা করার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ এবং জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ যথাযথ বিচারের জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট।

সাম্প্রতিক সময়ে বিভিন্ন সামাজিক প্রচার মাধ্যম ও সংবাদ পত্রে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, গত বুধবার ১৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলের শিক্ষার্থীদের মধ্যে আন্তঃবিভাগ খেলার সময় একটি ব্যাগে থাকা ৬টি মোবাইল হারিয়ে যায়। এরপর রাত ৮টার দিকে সে সময় বহিরাগত তোফাজ্জল হলের ভেতরে ঘোরাফেরা করছিলেন। এ দেখে শিক্ষার্থীদের সন্দেহ হলে ২৫ থেকে ৩০ জন শিক্ষার্থী তাকে বেধরক মারধর করে হত্যা করে। পাশাপাশি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভিসি'র বাসভবনে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে এক সাবেক ছাত্র নেতাকে গণধোলাই দিয়ে পুলিশের হাতে সোপর্দ করে শিক্ষার্থীরা। পরে তিনি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

এ ধরনের ঘটনা মানবাধিকার ও সংবিধান লঙ্ঘন এবং মৌলিক অধিকারের পরিপন্থি। কোন নাগরিকের প্রতি এ ধরনের আচরণ বাংলাদেশের সংবিধানে বর্ণিত অনুচ্ছেদ ২৮ (১), ২৮ (৪), ৩২[১] এ অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বিশেষভাবে বাংলাদেশের সংবিধানে ৩৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী কোনো ব্যক্তিকে নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দন্ড দেয়া যাবে না। পাশাপাশি দন্ডবিধি এর ধারা-৩২৩ ও ৩২৫ ধারায় কোন ব্যক্তিকে স্বেচ্ছাকৃতভাবে আঘাত প্রদানকে শাস্তিযোগ্য অপরাধ বলা হয়েছে।

এমতাবস্থায় এ ধরনের গণপিটুনির ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ঘটনা তদন্ত পূর্বক আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহনের জোর দাবী জানাচ্ছে ব্লাস্ট।

বার্তা প্রেরক:
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd

[১] ২৮ (১) কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করিবেন না।
২৮ (৪) নারী বা শিশুদের অনুকূলে কিংবা নাগরিকদের যে কোন অনগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান-প্রণয়ন হইতে এই অনুচ্ছেদের কোন কিছুই রাষ্ট্রকে নিবৃত্ত করিবে না।
৩২ আইনানুযায়ী ব্যতীত জীবন ও ব্যক্তিস্বাধীনতা হইতে কোন ব্যক্তিকে বঞ্চিত করা যাইবে না।

**Head Office:** YMCA Development Center | 1/1 Pioneer Road | Kakrail | Dhaka-1000 | Bangladesh
T: +88 02 8391970-72 | F: 880-2-8391973 | E: mail@blast.org.bd | W: www.blast.org.bd | H: 01715 220220